

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ  
শিক্ষা মন্ত্রণালয়  
অডিট শাখা-০১  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।  
www.tmed.gov.bd

শিক্ষা নিয়ে গড়ব দেশ  
শেখ হাসিনার বাংলাদেশ

স্মারক নম্বর: ৫৭.০০.০০০০.১৪২.১৬.০৪৬.২০২০.১০৪

তারিখ: ২১ শ্রাবণ ১৪২৭

০৫ আগস্ট ২০২০

বিষয়: চট্টগ্রাম জেলার বাঁশখালী উপজেলাধীন কদম রসুল হামিদিয়া দাখিল মাদ্রাসার ব্রডশীট জবাব যথাযথভাবে তৈরী না করেই TMED তে প্রেরণ করার কারণ ব্যাখ্যাসহ যথাযথ ভাবে BSR তৈরী ক্রমে TMEDতে প্রেরণ প্রসঙ্গে।

সূত্র: (১) মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের স্মারক নং-৫৭.২৫.০০০০.০০৫.০৯.০১৮.১৮-৯৯, তারিখ: ২৬-০৭-২০২০ খ্রি:

(২) পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তরের স্মারক নং-ডিআইএ/চট্টগ্রাম/১৬১০-

এম/চট্ট:-১৬৪৭/৪, তারিখ: ০৫-০৪-২০১৮ খ্রি:

(৩) জেলা শিক্ষা অফিসারের স্মারক নং-ডিইও/চট্ট/ব্রডশীট/মা:২০১৮/৭৮৫, তারিখ: ৩০-০৭-২০১৮ খ্রি:

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে মহোদয়ের সদয় অবগতি এবং প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, সূত্রসূ (১) নং স্মারকমূলে চট্টগ্রাম জেলার বাঁশখালী উপজেলাধীন কদম রসুল হামিদিয়া মাদ্রাসা পরিদর্শন সংক্রান্ত পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর ঢাকা কর্তৃক প্রস্তুতকৃত ০৫/০৪/২০১৮ খ্রি: তারিখের পরিদর্শন ও নিরীক্ষা প্রতিবেদনের উপর ব্রডশীট জবাব তৈরীক্রমে ডিজি, ডিএমই কর্তৃক তা টিএমইডিতে প্রেরণ করা হয়েছে।

০২. পরিদর্শন প্রতিবেদনে উত্থাপিত আপত্তিসমূহের ভিত্তিতে প্রণীত বিএসআরে প্রতিষ্ঠান প্রধানের জবাব, জেলা শিক্ষা অফিসার, চট্টগ্রাম এবং মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর এর মন্তব্য পাওয়া গেছে।

০৩. প্রাপ্ত ব্রডশীট জবাব এবং আনুষঙ্গিক তথ্য পর্যালোচনা করে দেখা যায় যে,

(ক) ৩০.০৯.৯৬ সনে উক্ত মাদ্রাসার শিক্ষক জনাব মোকতার আহমদ (ইন্ডেক্স নং-০২১০৩৭) শরীর চর্চা শিক্ষক পদ থেকে তথা চাকুরি থেকে পদত্যাগ করার পর প্রায় ২২ বৎসর (৩০.০৭.২০১৮ খ্রি: তারিখ পর্যন্ত) অতিক্রান্ত হওয়ার পরও এমপিও শীট থেকে উক্ত শিক্ষকের নাম কর্তনের কোন প্রকার পদক্ষেপ গ্রহণের প্রমাণক BSR-এ সংযুক্ত নেই। ফলে উক্ত শিক্ষকের নাম MPO শীট হতে আজ অবধি কর্তন করা হয়নি মর্মে স্পষ্ট হয় {BSR এর ১ (ঙ) অনুচ্ছেদ সংশ্লিষ্ট}।

(খ) প্রায় ২৪ বৎসর অতিক্রান্ত হওয়া সত্ত্বেও উক্ত শিক্ষকের নাম MPO শীট হতে কর্তন না করে এবং উক্ত তথ্য সংযুক্ত না করেই BSR প্রেরণের কারণ বোধগম্য নয়। প্রায় ২৪ বৎসর অতিক্রান্ত হওয়া সত্ত্বেও উক্ত শিক্ষকের নাম MPO শীট হতে কর্তন না করার কারণ জানা প্রয়োজন।

(গ) প্রায় ৩০ বৎসর অতিক্রান্ত হওয়া সত্ত্বেও উক্ত প্রতিষ্ঠানের MPO ভুক্ত কর্মচারী ও শিক্ষকদের অনুকূলে ভবিষ্যত তহবিল চালুকরা ব্যতিত (পরিদর্শন প্রতিবেদনের নির্দেশনা বাস্তবায়ন ব্যতিত) BSR প্রেরণের কারণও

জানা প্রয়োজন।

০৪. এমতাবস্থায় উপরিউক্ত বিষয়াদি বিবেচনাক্রমে:

(ক) চট্টগ্রাম জেলার বাঁশখালী উপজেলাধীন কদম রসুল হামিদিয়া মাদ্রাসার শিক্ষক {জনাব মোকতার আহমদ (ইন্ডেক্স নং-০২১০৩৭)} এর নাম MPO সীট হতে কর্তন না করেই BSR প্রেরণের কারণ ব্যাখ্যা করে সেসাথে উক্ত শিক্ষকের নাম এমপিওসীট হতে কর্তনপূর্বক উক্ত তথ্য BSR এ সংযুক্তক্রমে আগামী ২৫.০৮.২০২০ খ্রি.তারিখের মধ্যে BSR টিএমইডিতে প্রেরণের জন্য নির্দেশক্রমে মহোদয়কে অনুরোধ করা হলো।

(খ) উক্ত প্রতিষ্ঠানের MPO ভুক্ত কর্মচারী ও শিক্ষকদের অনুকূলে ভবিষ্য তহবিল চালু না করেই BSR প্রেরণের কারণ ব্যাখ্যা করে এবং সেসাথে পরিদর্শন প্রতিবেদনের নির্দেশনা মতে MPO ভুক্ত কর্মচারী ও শিক্ষকদের অনুকূলে ভবিষ্য তহবিল চালুক্রমে উক্ত তথ্য BSR এ সংযুক্তক্রমে আগামী ২৫.০৮.২০২০ খ্রি.তারিখের মধ্যে BSR টিএমইডিতে প্রেরণের জন্য নির্দেশক্রমে মহোদয়কে অনুরোধ করা হলো। সেসাথে পদত্যাগকারী শিক্ষক এর অনুকূলে কোন এমপিও (পদত্যাগের পর) বিতরণ হয়ে থাকলে তা আদায়ক্রমে সরকারী কোষাগারে জমাধানপূর্ব সেভাবে জবাবীপত্র তথা বিএসআর প্রেরণের জন্যও অনুরোধ করা হলো।



৫-৮-২০২০

নূরজাহান বেগম

সিনিয়র সহকারী সচিব

ফোন: ৯৫৭৫২৭২

মহাপরিচালক (অতিরিক্ত সচিব)

মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর

স্মারক নম্বর: ৫৭.০০.০০০০.১৪২.১৬.০৪৬.২০২০.৪/১(৭)

২০৬/১৭

তারিখ: ২১ শ্রাবণ ১৪২৭

০৫ আগস্ট ২০২০

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।

২) মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় উপমন্ত্রীর সদয় অবগতির জন্য)।

৩) সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

৪) সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)

৫) যুগ্ম-সচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৬) উপসচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।

৭) অফিস কপি/ মাস্টার কপি, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ।



৫-৮-২০২০

নূরজাহান বেগম  
সিনিয়র সহকারী সচিব